ঢাকা ওয়াসা

বিষয়ঃ এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের Paperless Software এবং Budget Software ব্যাকআপ সংরক্ষণের লক্ষ্যে ০৬ (ছয়) টেরাবাইটের একটি পোর্টেবল হার্ডডিস্ক ক্রয়ের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদঃ ১.০

ঢাকা ওয়াসার দৈনন্দিন দাপ্তরিক ও আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট কর্তৃক Paperless Software এবং Budget Software দুটি পরিচালিত হচ্ছে। ঢাকা ওয়াসার প্রস্তুতকৃত সফটওয়্যারসমূহের সবগুলো ডাটা একসাথে একই সার্ভারে সংরক্ষিত হচ্ছে। যার ফলে যদি কোন কারণে সার্ভার হ্যাক হয় অথবা ড্যামেজ হয় তাহলে সিস্টেমসহ ডাটার ফুল ব্যাকআপ পাওয়া যাবে না। এ বিষয়ে ঢাকা ওয়াসার উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয়ের সাথে বিস্তারিত আলোচনা হয়। ঢাকা ওয়াসার নিজস্ব ডাটা রিকভারী সিস্টেম চালু না হওয়ায়, পূর্ববর্তী ডাটাগুলোর ফিজিক্যাল ব্যাকআপ নেওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ঢাকা ওয়াসার উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মৌখিকভাবে নির্দেশ প্রদান করেন। এর আলোকে Paperless Software এবং Budget Software গুলোর ডাটা ফিজিক্যালি সংরক্ষণের জন্য একটি ০৬ (ছয়) টেরাবাইটের পোর্টেবল হার্ডডিস্ক ক্রয় করা অতীব জরুরি হয়ে পড়েছে।

এমতাবস্থায়, সবগুলো সফটওয়্যারের ডাটা একসাথে সংরক্ষণ করা সম্ভব হচ্ছে না বিধায় ঢাকা ওয়াসার নিজস্ব সার্ভারে রক্ষিত তথ্যের অতিরিক্ত নিরাপত্তা নিশ্চিত করে শুধুমাত্র ০২ (দুই) টি সফটওয়্যারের ডাটা সংরক্ষণের জন্য জরুরি ভিত্তিতে ব্যাকআপ ফাইল সংরক্ষণের জন্য একটি ০৬ (ছয়) টেরাবাইট ধারণক্ষমতার পোর্টেবল হার্ডডিস্ক ক্রয় করা প্রয়োজন।

অনুচ্ছেদঃ ১.২

প্রস্তাবিত পোর্টেবল হার্ডডিস্ক ক্রয়ের জন্য Startech Ltd. থেকে একটি Price Quotation (সংযুক্তি ০১) সংগ্রহ করা হয়েছে, যার বিবরণ নিম্নরূপ:

ক্রমিক	প্রতিষ্ঠানের নাম	বিবরণ	পরিমাণ	আনুমানিক মূল্য (টাকা)
০১	Startech Ltd.	পোর্টেবল হার্ডডিস্ক ০৬ টেরাবাইট (ব্যাকআপের জন্য)	০১ টি	২৪,০০০/-
		মোট =		২৪,০০০/-

অনুচ্ছেদঃ ১.৩

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার ডাটা নিরাপত্তা নিশ্চিতকল্পে ০২ (দুই) টি সফটওয়্যারের ডাটা সংরক্ষণের নিমিত্তে ০৬ টেরাবাইট এর একটি পোর্টেবল হার্ডডিস্ক জরুরি ভিত্তিতে ক্রয়ের লক্ষ্যে পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) মোতাবেক ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা মাত্র) টাকার অস্থায়ী অগ্রীম সদয় অনুমোদনের জন্য নথিখানা উপস্থাপন করা হলো, যা ঢাকা ওয়াসার প্রধান প্রকৌশলী এর আওতাধীন। উল্লেখ্য উক্ত ব্যয় এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্টের ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের "কম্পিউটার ক্রয়" খাত হতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

Muhtadee
২৮/০১/২০২৬
মোঃ সাকিব মুহতাদি
সহকারী প্রোগ্রামার
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

২৮.০১.২০২৬
মোঃ শহীদুল ইসলাম
প্রোগ্রামার
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা।

২৮.০১.২০২৬
Engr. Anita Saha
System Analyst
MIS & Billing Department
Dhaka WASA.

২৮/০১/২৬
SSA
মোঃ ইলিয়াস উদ্দিন মাহমুদ
সিনিয়র সিস্টেম এনালিস্ট
এমআইএস এন্ড বিলিং ডিপার্টমেন্ট
ঢাকা ওয়াসা

১.৪। প্রস্তাব অনুমোদন করা হল।

২৮/০১/২০২৬
প্রধান প্রকৌশলী মহোদয়
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE-S. Afatyel
(MIS & Billing)

২৯/০১/২৬
Shahidul (prog)
২৯.০১.২০২৬

Sakib (AP)
০১-০২-২০২৬

কম্পিউটার (৭)
২৮/০১/২৬

কম্পিউটার-০৫
২৮/০১/২৬